APR. 0 1 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ৩
পৃষ্ঠা ... কলাম ৭

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও সংশোধনে আবেদনপত্র অগ্রবর্তীকরণ বিষয়ে জ্ঞাতব্য

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) মে-২০০১ মাসের এমপিও সংশোধনের ক্ষেত্রে আবেদনপত্র অগ্রবর্তীকরণের ব্যাপারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর জানিয়েছে যে, শিক্ষক-কর্মচারীদের নিয়োগসংক্রান্ত চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট তথ্যাবলী আগামী ৯ এপ্রিল ২০০১ তারিখের মধ্যে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর, শিক্ষা ভবন, ঢাকা বরাবরে পাঠাতে হবে।

স্মর্তব্য, শিক্ষা মন্ত্রণালয়ের গত ৭ ফেব্রুয়ারি ২০০১ তারিখে ইস্যুকৃত স্মারকের মর্মানুযায়ী যাঁরা ২৪ আগস্ট ২০০০ তারিখের আগে তৎকালীন নিয়ম-নীতি অনুযায়ী বৈধ ও রীতিশুদ্ধভাবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাদের ক্ষেত্রে সরকারের সাথে গত ২৪ আগস্ট ২০০০ তারিখে বিভিন্ন শিক্ষক সমিতি, ফেডারেশনের আলোচনার পরিপ্রেক্ষিতে সর্বসম্মতভাবে সম্পাদিত চুক্তিনামার (নয়) নম্বর শর্তটি প্রযোজ্য হবে না।

অর্থাৎ প্রচলিত নিয়ম অনুযায়ী তাঁরা মাসিক বেতন-ভাতার সরকারী অংশ (এমপিও) প্রাপ্য হবেন। —তথ্য বিবরণী।